



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd



ভর্তি বিজ্ঞপ্তি (সরকারি প্রতিষ্ঠানসমূহের জন্য)

২০২৩-২৪ শিক্ষাবর্ষে সরকারি প্রতিষ্ঠানসমূহে ০৪ বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং/ ডিপ্লোমা-ইন-মেরিন ইঞ্জিনিয়ারিং/ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং/ ডিপ্লোমা-ইন-কৃষি/ ডিপ্লোমা-ইন-ফিসারিজ/ ডিপ্লোমা-ইন-ফরেস্ট্রি/ ডিপ্লোমা-ইন-লাইভস্টক শিক্ষাক্রমে ভর্তি বিজ্ঞপ্তি:

অন-লাইনে আবেদনের সময়সীমা (ফরম পূরণের ন্যূনতম ১ ঘন্টা পূর্বে টাকা জমা দিতে হবে)	মাইগ্রেশনের তারিখ	ফলাফল প্রকাশের তারিখ (SMS-এর মাধ্যমে ও ওয়েবসাইটে)	অনলাইনে ভর্তি নিশ্চায়নের তারিখ	মন্তব্য	প্রতিষ্ঠানে স্ব-শরীরে ভর্তির সময়সূচী
০৯/০৮/২০২৩ হতে ৩১/০৮/২০২৩ (রাত ৯:০০ ঘটিকা পর্যন্ত) (১ম পর্যায়ের আবেদন)	---	০৭/০৯/২০২৩ (১ম পর্যায়ে আবেদনের ফলাফল প্রকাশ)	১ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ০৭/০৯/২০২৩ হতে ১১/০৯/২০২৩ তারিখের মধ্যে নির্ধারিত ভর্তি নিশ্চায়ন ফি প্রদান করে নিশ্চায়ন সম্পন্ন করতে হবে। এ আবেদনের আওতায় ভর্তি হতে চাইলে শিক্ষার্থীকে আবশ্যিকভাবে নির্ধারিত সময়ের মধ্যে নিশ্চায়ন সম্পন্ন করতে হবে। অন্ত্যায় ১ম পর্যায়ের Selection এবং আবেদন বাতিল বলে গণ্য হবে। তবে এসকল শিক্ষার্থী চাইলে বোর্ড নির্ধারিত তারিখে পুনরায় ফিসহ আবেদন করতে পারবে।	নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের মাইগ্রেশন ডিফন্ডভাবে খোলা থাকবে এবং পছন্দক্রম অনুযায়ী আসন খালি থাকা সাপেক্ষে উপরের ক্রমিক নম্বরে যাওয়ার সুযোগ থাকবে। এক্ষেত্রে যতবার অপেক্ষমান তালিকা হতে ফলাফল প্রকাশ করা হবে, তার পূর্বে ততবার অটোমাইগ্রেশনের ফলাফল প্রকাশ করা হবে। অটোমাইগ্রেশন খোলা থাকলে সর্বশেষ যে টেকনোলজি-প্রতিষ্ঠানে অটোমাইগ্রেশন হবে সেখানেই অধ্যয়ন করতে হবে। তবে শিক্ষার্থী চাইলে যে কোন পর্যয়ে অটোমাইগ্রেশন বন্ধ করতে পারবে। তবে একবার অটোমাইগ্রেশন বন্ধ করলে আর তা খোলার সুযোগ থাকবে না। উল্লেখ্য, যে কোন পর্যায়ের মাইগ্রেশনে নতুন করে নিশ্চায়নের প্রয়োজন নেই।	১ম ও ২য় পর্যায়ের নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে এসএসসি পরীক্ষার মূল নম্বরপত্র, সদ্য তোলা ছবি (৩ কপি), প্রশংসাপত্র (ফটোকপি) জমা প্রদান সাপেক্ষে ২৫/০৯/২০২৩ হতে ০২/১০/২০২৩ তারিখের মধ্যে প্রাতিষ্ঠানিক ভর্তি সম্পন্ন করতে হবে (শুক্র, শনি ও সরকারি ছুটির দিন ব্যতিত অফিস চলাকালিন সময়)। এ সময়ের মধ্যে বর্ণিত ডকুমেন্টসসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ভর্তি না হলে শিক্ষার্থী অনুপস্থিত বলে গণ্য হবে এবং নিশ্চায়ন বাতিল বলে গণ্য হবে। এসকল অনুপস্থিত শিক্ষার্থীর তথ্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক ০৩/১০/২০২৩ থেকে ০৪/১০/২০২৩ তারিখের মধ্যে অনলাইনে প্রেরণ করতে হবে। প্রাপ্ত শূণ্য আসনে শিক্ষার্থী ভর্তি বিষয়ক বিজ্ঞপ্তি পরবর্তিতে প্রকাশ করা হবে।
১৩/০৯/২০২৩ হতে ১৫/০৯/২০২৩ (রাত ৯:০০ ঘটিকা পর্যন্ত) (২য় পর্যায়ের আবেদন)	পছন্দক্রম অনুযায়ী ১ম মাইগ্রেশনের ফল প্রকাশ ১৯/০৯/২০২৩	১৯/০৯/২০২৩ (২য় পর্যায়ে আবেদন ও অপেক্ষমান তালিকা হতে ফলাফল প্রকাশ)	২য় পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ১৯/০৯/২০২৩ হতে ২২/০৯/২০২৩ তারিখের মধ্যে নির্ধারিত ভর্তি নিশ্চায়ন ফি প্রদান করে নিশ্চায়ন সম্পন্ন করতে হবে। এ আবেদনের আওতায় ভর্তি হতে চাইলে শিক্ষার্থীকে আবশ্যিকভাবে নির্ধারিত সময়ের মধ্যে নিশ্চায়ন সম্পন্ন করতে হবে। অন্ত্যায় ২য় পর্যায়ের Selection এবং আবেদন বাতিল বলে গণ্য হবে। তবে এসকল শিক্ষার্থী চাইলে বোর্ড নির্ধারিত তারিখে পুনরায় ফিসহ আবেদন করতে পারবে।		

(১) বিজ্ঞপ্তি www.btebadmission.gov.bd - ওয়েবসাইটে পাওয়া যাবে (২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ভর্তি নীতিমালা-২০২৩" অনুসারে ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে (৩) এসএসসি পাসের ফলাফল, পছন্দক্রম, কোটা ও অন্যান্য শর্তের ভিত্তিতে প্রার্থীর মেধা তালিকা প্রণয়ন করা হবে। (৪) মেধাক্রম অনুযায়ী ভর্তিকৃত প্রার্থী পছন্দের ক্রমানুসারে প্রতিষ্ঠান/টেকনোলজিভিত্তিক মাইগ্রেশনের সুযোগ পাবে। তবে শিক্ষার্থীরা পছন্দক্রম অনুযায়ী প্রতিষ্ঠান/ টেকনোলজি ভর্তির সুযোগ পেলে শিক্ষার্থীরা তার মাইগ্রেশন বন্ধ করতে হবে। অন্যথায় অটোমাইগ্রেশন হলে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড দায়ী থাকবে না (৫) ভর্তির আবেদনের সময় শিক্ষার্থী, শিক্ষক, অভিভাবক, অপারেটরসহ সংশ্লিষ্ট সকলকে সঠিক তথ্য প্রদান নিশ্চিত করতে হবে (৬) যে কোন তথ্যের জন্য বর্ণিত নম্বরসমূহে সরকারি ছুটির দিন ব্যতিত অফিস চলাকালিন সময় যোগাযোগ করা যাবে। মোবাইল: ০১৩২২-৮৩০৩০৮, ০১৩২২-৮৩০৩০৯ (বোর্ড) ও ০২৭০৬৫০৪১৬৯, ০২৭৮৯০২৮১৭৩, ০২৭৬৮৬৮২২৪০, ০২৩০৫৭০৩৮৬৫ (বুয়েট)।

প্রকৌশলী মো: রকিব উল্লাহ
পরিচালক (কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।